


শোক সংবাদ  
ঢাকা, ১০ মে ২০২০

করোনা মোকাবিলায় জরুরি সরকারি দায়িত্ব পালন করতে যেয়ে জীবন দিলেন সমাজসেবা অধিদফতরের সমাজকর্মী জনাব মোঃ আব্দুল কুদ্দুছ। বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা বিতরণের উদ্দেশ্যে কর্মস্থল থেকে রওনা হয়ে আজ এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় প্রাণ হারান তিনি। জনাব কুদ্দুছ ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলা সমাজসেবা কার্যালয়ে ইউনিয়ন সমাকর্মী হিসেবে কর্মরত ছিলেন।

ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার আয়মপুর ইউনিয়ন পরিষদ সংলগ্ন সামসুল হুদা কলেজ মাঠে সামাজিক দূরত্ব বজায় রেখে সরকারের সামাজিক নিরাপত্তার আওতায় বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা প্রদানের সময় নির্ধারিত ছিল আজ ১০ মে। সুষ্ঠুভাবে ভাতা বিতরণের উদ্দেশ্যে সকাল ৯.০০ টায় নিজ অফিস ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলা সমাজসেবা কার্যালয় থেকে মোটর সাইকেল যোগে রওনা হন জনাব কুদ্দুস। সাথে ছিলেন আজমপুর ইউনিয়নের ৫নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব মোঃ লুৎফর রহমান। ভাতা বিতরণ স্থলে যাওয়ার পথে ভালাইপুর ব্রীজ মোড়ে একটি ট্রাকের সাথে সংঘর্ষে দুর্ঘটনার ঘটনাস্থলেই নিহত হন ইউপি সদস্য জনাব লুৎফর রহমান। মারাত্মক আহত অবস্থায় জনাব কুদ্দুসকে ভর্তি করা হয়। মহেশপুর স্বাস্থ্য কমপ্লেক্সে। শারীরিক অবস্থা অবনতির কারণে তাঁকে দ্রুত যশোর মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার পরামর্শ দেয়া হলে যাত্রাপথেই তিনি মৃত্যুবরণ করেন (ইন্না-লিল্লাহ ওয়া ইন্না-ইলাহি রাজিউন)। মৃত্যুকালে তিনি স্ত্রী এবং মোঃ শামিম হোসেন সুজন (২৪), মোঃ শাহরীয়ার হোসাইন সোহান (২২) নামে ২ সন্তান রেখে গিয়েছেন। ২ সন্তানই সদ্য মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছে। তাঁর এ মর্মান্তিক মৃত্যুতে সমাজসেবা অধিদফতরে নেমে এসেছে শোকের ছায়া।

উল্লেখ্য, বৈশ্বিক মহামারী কভিড-১৯ মোকাবিলায় সমাজসেবা অধিদফতরের প্রায় ১০ হাজার কর্মকর্তা-কর্মচারী সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাভুক্ত প্রায় ৮০ লক্ষ মানুষের হাতে দ্রুত ও নিরাপদে ভাতার টাকা পৌঁছে দিতে সারাদেশে নিরলস পরিশ্রম করে যাচ্ছে। এছাড়াও প্রায় ১ লক্ষ ৮৭ হাজার দুস্থ, অসহায়, প্রতিবন্ধী মানুষ এবং কর্মহীন শ্রমিকদের মধ্যে খাদ্যসামগ্রী পৌঁছে দিয়েছে সমাজসেবা অধিদফতরের কর্মকর্তা-কর্মচারীগণ- যা এখনো চলমান রয়েছে।

করোনা মোকাবিলায় সরকারের একজন নিবেদিত করোনাযোদ্ধা ও মহৎপ্রাণ সমাজকর্মীর মর্মান্তিক মৃত্যুতে সমাজসেবা অধিদফতরের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীর পক্ষে আমরা গভীর শোক প্রকাশ ও তাঁর আত্মার মাগফেরাত কামনা করছি। একইসাথে তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি জানাচ্ছি গভীর সমবেদনা।

  
মোঃ সাজ্জাদুল ইসলাম  
উপপরিচালক

বার্তা সম্পাদক/এস্যাইনমেন্ট এডিটর/চীফ রিপোর্টার

.....  
.....

গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও গণসংযোগ  
সমাজসেবা অধিদফতর  
ই-মেইল: [dd.pub@dss.gov.bd](mailto:dd.pub@dss.gov.bd)  
[rangasazzad@gmail.com](mailto:rangasazzad@gmail.com)